03

দৈনিক বাংলা

তারিখ ... 19 JAN 1995 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

৯২

# পাঁচটি স্কুলে ভর্তি পরীক্ষা ঃ একটিতে ১৩০ আসনে ২৭৯১ প্রার্থী

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর সরকারী স্কুলের ভর্তি পরীক্ষার দ্বিতীয় দিনে শনিবার ছিল পাঁচটি স্কুলে ভর্তি পরীক্ষা। এই পাঁচটি স্কুলের বিভিন্ন ক্লাশের মোট ৭শ' আসনের জন্য প্রার্থী হয়েছে সাড়ে ৫ হাজার ছাত্র-ছাত্রী।

শনিবার ভর্তি পরীক্ষায় সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা হয় মতিঝিল গভঃ বয়েজ হাইস্কুলে। এ স্কুলের চারটি ক্লাশের ১৩০টি আসনের জন্য ২৭৯১ জন প্রার্থী হয়েছে। এর মধ্যে প্রথম শ্রেণীর ৮০টি আসনের জন্য ১১৪১ জন, ষষ্ঠ শ্রেণীর ৩০টি আসনের জন্য এক হাজার, অষ্টম শ্রেণীর ১০টি আসনের জন্য ৩৫০ জন এবং নবম শ্রেণীর ১০টি আসনের জন্য ৩শ' জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। এ স্কুলে অষ্টম শ্রেণীর একটি সীটের জন্য ৩৫ জন প্রার্থী। দ্বিতীয় প্রতিযোগিতা হয় সরকারী কলেজিয়েট স্কুলে। পাঁচটি ক্লাশের

(আটের পাতায় ৮-এর কঃ দ্রঃ)

## পাঁচটি স্কুলে ভর্তি

(প্রথম পৃঃ পর)

১৯০টি সিটের জন্য ১ হাজার ৩৫ জন প্রার্থী ছিল। এ স্কুলে প্রথম শ্রেণীতে প্রতিযোগিতা ছিল বেশী। প্রতিটি সিটের জন্য এ স্কুলে ১০ জন করে প্রার্থী ছিল। কলেজিয়েট স্কুলে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণীতে ভর্তি পরীক্ষা নেয়া হয়।

শেরে বাংলা গভঃ বয়েজ হাইস্কুলের ১৩৮টি সিটের জন্য প্রার্থী ছিল ৬০৯ জন ছাত্র। এ স্কুলে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ ও নবম শ্রেণীতে ভর্তি পরীক্ষা নেয়া হয়। ধানমন্ডি সরকারী বালিকা বিদ্যালয়ের ১৬৫টি আসনের জন্য ৫৫৩ জন প্রার্থী। এর মধ্যে নবম শ্রেণীর ১০টি আসনের জন্য ১০০ জন, অষ্টম শ্রেণীর ২০টি আসনের জন্য ৮৫ জন, সপ্তম শ্রেণীর ৫০টি আসনের জন্য ১২- জন এবং ষষ্ঠ শ্রেণীর ৮৫টি আসনের জন্য ২৪৮ জন প্রার্থী ছিল। নিউ গভঃ হাইস্কুলেও প্রায় ৫শ পরীক্ষার্থী বিভিন্ন শ্রেণীর ভর্তি পরীক্ষা অংশনেয়।